

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৮৫(আগরতলা, ০৫।০৫)  
কৈলাসহর, ০৫ মে, ২০১৮

কৈলাসহরে আজীবিকা দিবস উদযাপিত

জেলা প্রশাসনের উদ্যোগে আজ উনকোটি কলাম্বুত্রে গ্রাম স্বরাজ অভিযানের অঙ্গ হিসাবে আজীবিকা দিবস উদযাপন উপলক্ষ্যে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানের উদ্বোধন করেন উনকোটি জিলা পরিষদের সভাপতি কল্পনা দেবনাথ। সভাপতিত্ব করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন ইন কাউন্সিল দেবাশিষ সেন। স্বাগত বক্তব্য রাখেন ডি আর ডি এ'র প্রজেক্ট ডিরেক্টর পঙ্কজ চক্রবর্তী। উদ্বোধকের ভাষণে শ্রীমতি দেবনাথ বলেন, সরকারের লক্ষ্য জীবন ও জীবিকার মান উন্নয়ন। জেলায় ৮০০টি স্ব-সহায়ক দল রয়েছে। স্বাবলম্বনের লক্ষ্যে এই দল গঠিত হয়েছে। এই দলগুলোকে নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছাতে ব্যাকগুলোর সক্রিয় সহযোগিতা জরুরী। গ্রাম স্বরাজ অভিযানকে সফল করতে সকলের সার্বিক সহযোগিতার পাশাপাশি বিভিন্ন দপ্তরের মধ্যে সমন্বয়ের উপর তিনি গুরুত্ব আরোপ করেন। অনুষ্ঠানে বিধায়ক মবস্বর আলী বলেন, জীবন সুরক্ষার জীবিকাই হচ্ছে আজীবিকা। লক্ষ্য হল স্ব-সহায়ক দলগুলির পরিবারের জীবনের মান উন্নয়ন করা। জেলা শাসক ড: সন্দীপ আর রাঠোড় বলেন, মহাত্মাজীর গ্রাম স্বরাজের স্বপ্নকে বাস্তবায়িত করতে হলে মানব সম্পদকে কাজে লাগাতে হবে। তিনি জানান উনকোটি জেলায় ২১০০ জন মহিলা সদস্য স্ব-সহায়ক দলে সক্রিয় রয়েছেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন এন ই আর এল পি'র বি পি এম পি আর লিংডম, নাবার্ডের সহকারী জেনারেল ম্যানেজার তিমিরবরণ সাহা, লিড ব্যাক ম্যানেজার অমিতাভ সেনগুপ্ত প্রমুখ। উনকোটি কলাম্বুত্র প্রাঙ্গণে বিভিন্ন ব্যাকের সহায়তা ষ্টল খোলা হয়।

\*\*\*\*\*